



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোগাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ
ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং- জেএসসি/এসএসসি রেজিঃ/২০১৯/২৫০৭

তারিখঃ ১২/১১/২০২০ খ্রিঃ

জরুরী বিজ্ঞপ্তি (সংশোধিত)

বিষয়ঃ ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন এবং ২০১৮ ও ২০১৯ সালের যে সকল রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী জেএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য তাদের রেজিস্ট্রেশন নবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক অনুমোদিত এবং স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানান যাচ্ছে যে,

১। ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতিপূর্বে শেষ হয়েছে এবং বেশ কয়েকবার সংযোজন বা সংশোধনের সুযোগ দেয়া হয়েছিল। কোভিড-১৯ মহামারির কারণে এখনো পর্যন্ত কিছু সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে পারেনি। এরূপ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা আগামী ২২/১২/২০২০ হতে ২৪/১২/২০২০ তারিখ পর্যন্ত অনলাইনে (বিলম্ব ফি ব্যতীত নির্ধারিত খাতে সোনালী সেবার মাধ্যমে ফিস জমা দিতে হবে) রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে পারবে।

২। ২০১৮ ও ২০১৯ সালের যে সকল রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী জেএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তাদের রেজিস্ট্রেশন নবায়ন কার্যক্রম সোনালী সেবার মাধ্যমে প্রতি রেজিস্ট্রেশন নবায়ন বাবদ ১০০/- (একশত) টাকা ফিস জমা প্রদানপূর্বক মূল রেজিস্ট্রেশন কার্ডসহ বোর্ডের বিদ্যালয় শাখার মাধ্যমে সম্পন্ন করতে হবে।

উল্লিখিত তারিখের পর আর কোন বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে না। এর মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন না করলে দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপকঃ অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত প্রতিষ্ঠানসমূহ

স্বাঃ
(ড. মোঃ দিদারুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ২৫০৭(৫)

তারিখঃ ১২/১১/২০২০ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ৩। উপ-পরিচালক(হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ৪। সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অফিস কপি।

২১. ১২. ২০২০
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।